

# বুলবুল একাডেমি অব ফাইন আর্টস (বাফা)

বিষয় : শিশু চিত্রাংকন

## প্রি কোর্স

১. শিশুকে জ্যামিতিক ফর্মের বিভিন্ন আকৃতি শেখাতে হবে। যেমন- সরল রেখা, বক্র রেখা, বৃত্ত, ত্রিভুজ, চতুর্ভুজ ইত্যাদি।
২. জ্যামিতিক ফর্ম দিয়ে কি কি আঁকা যায় সে সম্পর্কে শিশুদের প্রাঞ্জল ভাষায় ধারণা দিতে হবে।
৩. শিশুকে উৎসাহ দিতে হবে। সে যা কিছু আঁকবে রঙ করবে-তার কিছু ভুল হলেও তা নেতিবাচকভাবে বলা যাবে না। তাকে কিছু চাপিয়ে দেয়া যাবে না। কারণ সে আঁকে তার ধারণা থেকে।
৪. নানা জিনিসের আকার প্রকার কিছুটা শেখার পর শিশুদের নানা রকম ফুল, ফল সম্পর্কে ধারণা দিতে হবে এবং এগুলি আঁকতে উৎসাহিত করতে হবে।
৫. আমাদের আকাশ, মাঠ, দিগন্ত, মাটি, নদী, মেঘ, গাড়ি, সূর্য, ঘুড়ি, ঘর, গাছ এসব দেখতে উদ্বুদ্ধ করা। এবং খুব সহজভাবে এসব আঁকার ধরণ দেখানো ও শিশুদের আঁকতে দেয়া। কথায় বলে-যে সবচেয়ে ভালো দেখে সেই ভালো আঁকতে পারে।
৬. বিভিন্ন রং সম্পর্কে ধারণা
৭. বিভিন্ন ফল (কমলা, কলা, আপেল, আম, তরমুজ)
৮. বিভিন্ন সবজি (বেগুন, টেঁড়স, মুলা, শালগম, শশা)